জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

তারিখ: ১১/০৩/১৪২৫ বঙ্গাব্দ
২৮/০৬/২০১৮ খ্রিষ্টাব্দ

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২১.(পার্ট-১)১৬/ ১৪৬৩ (৪০)

বিষয় : ১৮তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন এন্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম)-এ অংশগ্রহণ
সূত্র : মাউশি স্মারক নং - ৩৭.০২.০০০০.১১০.৪০.২৩২.২০১৫.৫৬৭(৫) তারিখ: ২৬/০৬/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ আগামী ১৭ই আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/ ১লা জুলাই ২০১৮ খ্রি. থেকে ৩০শে শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ১৪ই আগষ্ট ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ৪৫(পঁয়তাল্লিশ) দিনব্যাপী ১৮তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন এন্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম)-এ অংশগ্রহণের জন্য তিনি মনোনীত হয়েছেন। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিম্নে উল্লেখ করা হলো:

১. প্রশিক্ষণার্থীকে ১৭ই আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১লা জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ সকাল ০৯.০০টায় প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টে কোর্স কমিটির নিকট রিপোর্ট করতে হবে।
২. প্রশিক্ষণ কোর্সটি পুরোপুরি আবাসিক। প্রশিক্ষণ মেয়াদে নির্ধারিত সার্ভিস চার্জসহ নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। কর্তৃপক্ষ হোস্টেলে ব্যবহার্য কম্বল, তোষক, বালিশ, মশারি ও চাদর সরবরাহ করবেন । প্রয়োজনে তিনি কোর্স শুরুর পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলে আবাসন সুবিধা গ্রহণ করতে পারবেন।
৩. যিনি ইতোপূর্বে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন, তাঁর উক্ত কোর্সে পুনরায় অংশগ্রহণের প্রয়োজন নেই।
৪. **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন । সুতরাং, গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।**
৫. প্রশিক্ষণার্থীগণ শ্রেণিকক্ষের অধিবেশন ও নায়েম ক্যাম্পাসের অন্যান্য কর্মসূচিতে অফিসিয়াল পোশাক পরিধান করবেন।
৬. শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে স্পোর্টস ট্রাউজার ও কলার সম্বলিত হাফহাতা গেঞ্জি, মোজা, কেড্‌স এবং মহিলা প্রশিক্ষণার্থীগণকে সালোয়ার-কামিজ এবং কেড্‌স পরিধান করতে হবে। পোশাকের রং অবশ্যই সাদা হতে হবে।
৭. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে এক কপি জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও নিজ নিজ প্রতিষ্ঠানের ছাড়পত্র/অনুমতিপত্র (প্রতিষ্ঠানের EIIN উল্লেখসহ) এবং পাসপোর্ট সাথে আনতে হবে।
৮. কোর্সের প্রাথমিক ব্যয় (আবাসন, খাবার ইত্যাদি) ও ব্যক্তিগর খরচ নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীর সাথে কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাখা প্রয়োজন। বৈদেশিক শিক্ষা সফর সংক্রান্ত ব্যয় বিষয়ে প্রশিক্ষণ চলাকালীন সময়ে আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হবে।
৯. কোর্সের অংশগ্রহণকারীগণ সরকারি বিধি মোতাবেক টিএ, ডিএ/প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। **উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।**
১০. মনোনীত কর্মকর্তাগণকে অংশগ্রহণের সম্মতিপত্র কোর্স শুরুর অন্তত ০৩(তিন) দিন পূর্বে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।
১১. জরুরি প্রয়োজনে কোর্স সমন্বয়ক শেখ মোহাম্মদ আলী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ-এর (মুঠোফোন: ০১৭১৭৩৩১১৮৮/e-mail: tsali.naem@gmail.com) সাথে যোগাযোগ করা যেতে পারে। কোর্স পরিচালনায় সহযোগিতার লক্ষ্যে এ পত্রের প্রাপ্তি নিশ্চিত করার জন্য উক্ত নম্বরে জানাতে/এসএমএস পাঠাতে অনুরোধ করা গেল।
১২. আমন্ত্রণপত্রসহ প্রশিক্ষণার্থীগণের তালিকা নায়েমের ওয়েবসাইট-এ (www.naem.gov.bd) পাওয়া যাবে।
১৩. কোর্স সংক্রান্ত যেকোন বিষয় জানার জন্য কোর্স পরিচালকের সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৮.০৬.১৮

(প্রফেসর ড. আ.ফ.ম. শফিকুর রহমান)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
e-mail: info@naem.gov.bd

প্রাপক : ....
....

তারিখ: ১১/০৩/১৪২৫ বঙ্গাব্দ
২৮/০৬/২০১৮ খ্রিষ্টাব্দ

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২১.(পার্ট-১)১৬/ ১৪৬৩(৪০)(১১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্রের কপিসহ);
৩-৬. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৭. হোস্টেল সুপারিনটেনডেন্ট, শহীদ বুদ্ধিজীবি হোস্টেল, নায়েম, ঢাকা;
৮. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীগণের তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
৯. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারি, নায়েম, ঢাকা;
১০. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১১. অফিস কপি।

২৮/৬/১৮

(প্রফেসর এস এম রবিউল ইসলাম)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ
ও
কোর্স পরিচালক
১৮তম এসএসসিইএম
ফোন: ০১৬৭৬৭৩৭৮৯৮
ই-মেইল: rabiulnaem@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যামিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড,ধানমন্ডি, ঢাকা - ১২০৫

Bank Account Information of the Participants of --

Duration: ------------------------------

ক্রমিক	প্রশিক্ষণার্থীর নাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠান	হিসাবের নাম	ব্যাংকের নাম ও শাখা	হিসাব নম্বর	রাউটিং নম্বর	মোবাইল নম্বর	স্বাক্ষর
1							

১। একাধিক ব্যাংক হিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবের তথ্য অগ্রাধিকারযোগ্য।

*২। অনেক প্রশিক্ষণার্থী এখনও ৪ডিজিটের হিসাব নম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাব নম্বর জেনে তথ্য প্রদানের অনুরোধ করা হলো।

Course Director